

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 09-03-2025**

**Time: 7-35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব আগামীকাল শুরু হচ্ছে। বিভিন্ন দপ্তরের বাজেট বরাদ্দ নিয়ে এই অধিবেশনে আলোচনা হবে।
- ২) যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অশান্তির ঘটনায় পুলিশ এসএফআই নেতা সৃজন ভট্টাচার্য্য, শিক্ষক সংগঠন ওয়েবকুপার সদস্য ওম প্রকাশ মিশ্র এবং আহত ছাত্র ইন্দ্রানুজ রায়কে জিজ্ঞাসাবাদ করেছে।
- ৩) ক্রমবর্ধমান সাইবার প্রতারনা রুখতে কলকাতা পুলিশ, সাইবার সেলে আরও দুটি নতুন পদ তৈরির জন্য রাজ্য সরকারকে প্রস্তাব দিয়েছে।
- ৪) কলকাতা হাইকোর্টের অতিরিক্ত বিচারপতি হিসাবে তিনজনের নিয়োগে অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় সরকার।
- ৫) উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত জেলাগুলিতে বজ্রবিদ্যুৎ সহ ঝড় বৃষ্টির পূর্বাভাস আবাহওয়া দপ্তরের। দক্ষিণবঙ্গে বাড়বে তাপমাত্রা।
- ৬) আইএসএল ফুটবলে গ্রুপ পর্বের শেষ ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট এফসি গোয়াকে ২-০ গোলে হারিয়ে দিয়েছে।

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব আগামীকাল শুরু হচ্ছে। দিন দশেকের এই অধিবেশনে মূলত রাজ্যের বিভিন্ন দফতরের বাজেট বরাদ্দ নিয়ে আলোচনা হবে। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, আপাতত দোলের আগে ১৩ই মার্চ পর্যন্ত বিধানসভার কর্মসূচি চূড়ান্ত হয়েছে। ১০ই মার্চ সদ্য প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে অধিবেশনের সূচনা হবে। এরপরে দ্বিতীয়ার্ধে ২০২৪-২৫ আর্থিক বছরের ব্যয় মঞ্জুরি প্রস্তাবের ওপর অধিবেশনে দু'ঘণ্টা আলোচনা হবে। মঙ্গলবার শ্রম দফতরের বাজেট প্রস্তাবের ওপর আলোচনা হবে বলে স্থির করা হয়েছে। একই রকম ভাবে বুধবার বিদ্যুৎ দফতর এবং বৃহস্পতিবার পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দফতরের বাজেট প্রস্তাবের ওপর বিধানসভায় আলোচনা হবে।

এবারের অধিবেশনে শিক্ষা, স্বাস্থ্য, পুর ও নগর উন্নয়ন সহ মোট সাতটি দফতরের বাজেট নিয়ে আলোচনা হবে বলে জানা গেছে। তবে স্বরাষ্ট্র দফতর এর বাজেট নিয়ে আলোচনা হবে কিনা তা নিয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি। অধ্যক্ষ জানিয়েছেন রমজান মাস চলার কারণে অধিবেশন তাড়াতাড়ি শেষ করার চেষ্টা করা হবে।

উল্লেখ্য, সংসদের বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্বও শুরু হচ্ছে আগামীকাল। এই পর্বে মোট ২০ দিন অধিবেশন বসবে।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অশান্তির ঘটনায় এসএফআই নেতা সৃজন ভট্টাচার্য গতকাল যাদবপুর থানায় হাজিরা দিয়েছেন। তার সঙ্গে ছিলেন আইনজীবীরা। ঘটনার দিনের ছবি ও ভিডিও তিনি পুলিশের কাছে জমা দিচ্ছেন বলে সাংবাদিকদের কাছে জানিয়েছেন সৃজন। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বা তার গাড়ির চালককে এখনও কেন জিজ্ঞাসাবাদ করা হল না সেই প্রশ্ন তোলেন সৃজন।

## বাইট

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ঘটনা নিয়ে সাংবাদিক বৈঠক করে এসংক্রান্ত বেশ কিছু ছবি এবং ভিডিও প্রকাশ করেছিল এসএফআই। সৃজনও সেখানে উপস্থিত ছিলেন। এর প্রেক্ষিতেই তার বক্তব্য জানতে পুলিশ সৃজনকে ডেকে পাঠায় বলে জানা গেছে।

এদিকে, যাদবপুরের অধ্যাপক তথা ওয়েবকুপার সদস্য ওম প্রকাশ মিশ্রকেও যাদবপুর থানার পুলিশ গতকাল জিজ্ঞাসাবাদ করেছে বলে খবর। জিজ্ঞাসাবাদ করা হয়েছে আহত বাম ছাত্র ইন্দ্রানুজ রায়কেও।

বাম ছাত্র নেতাদের মিথ্যা অভিযোগে ফাঁসানোর চেষ্টা চলছে বলে অভিযোগ করে ছাত্র সংগঠন SFI গতকাল দমদমের নাগের বাজার এবং গড়িয়া ক্রিশিং-এ রাস্তা অবরোধ করে। শিক্ষামন্ত্রীর গ্রেপ্তারি ও পদত্যাগের দাবি জানানো হয়।

কংগ্রেস যাদবপুর বিশ্ববিদ্যালয়ে তৃণমূল কংগ্রেসের প্রতিহিংসামূলক রাজনীতির বিরোধী বলে কংগ্রেস নেতা অধীর চৌধুরী মন্তব্য করেছেন। বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের বিরুদ্ধে হুমকি, হুঁশিয়ারি বন্ধের দাবি জানান অধীর বাবু।

## বাইট

-----

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংসদ নির্বাচন, আন্দোলনরত ছাত্র ছাত্রীদের ওপর গাড়ি চালিয়ে দেওয়া এবং অভয়ার জন্য ন্যায়বিচার সহ একাধিক দাবীতে নাগরিক মিছিলের আহ্বানকে স্বাগত জানিয়েছে বামফ্রন্ট। আজ বিকেলে বিভিন্ন নাগরিক মঞ্চ/সংগঠন, চিকিৎসকদের সংগঠন এর পক্ষ থেকে কলকাতার হাজারা মোড়থেকে

রবীন্দ্রসদন এবং ধর্মতলা পর্যন্ত এই মিছিলের আত্মহান জানানো হয়েছে। গতকাল এক বিবৃতিতে ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু গনতন্ত্রপ্রিয় মানুষকে মিছিলে যোগ দেওয়ার আত্মহান জানান।

---

আরজি কর মেডিক্যাল কলেজে কর্তব্যরত অবস্থায় নির্যাতিতা চিকিৎসকের বাবা-মা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাত করে তার কাছে ন্যায় বিচারের আবেদন জানানোর ইচ্ছে প্রকাশ করেছেন। গতকাল আন্তর্জাতিক নারী দিবসে নির্যাতিতার মা রাজ্যে নারীদের সুরক্ষা নিয়েও প্রশ্ন তুলেছেন। তিনি বলেন, কর্মস্থলে যদি একজন মহিলা সুরক্ষিত না থাকে তাহলে নিরাপত্তা কোথায়।

বাইট

---

স্নাতকোত্তর পর্যায়ে পরীক্ষা ও মূল্যায়ন প্রক্রিয়া থেকে সরকার পোষিত কলেজ শিক্ষক এবং অতিথি শিক্ষকদের বিরত রাখতে কলকাতা বিশ্ববিদ্যালয় সম্প্রতি যে নির্দেশিকা জারি করেছে, পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি তার তীব্র নিন্দা করেছে। ঐ নির্দেশিকা প্রত্যাহারেরও দাবি জানিয়েছে। সমিতির সভাপতি অধ্যাপক শুভদয় দাশগুপ্ত এবং সম্পাদক অধ্যাপক কেশব ভট্টাচার্য গতকাল এক যৌথ বিবৃতিতে এই দাবি জানিয়ে বলেন, রাজ্যের উচ্চশিক্ষা ব্যবস্থায় এই ধরনের কর্মীরা কলেজ বিশ্ববিদ্যালয় অর্পিত যাবতীয় দায়িত্ব যাতে সম্মানের সঙ্গে সম্পাদন করতে পারেন, সেই পরিসর নিশ্চিত করতে হবে।

উল্লেখ্য, গত চৌঠা মার্চ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রফেসর দেবশীষ দাস এসংক্রান্ত একটি বিজ্ঞপ্তি প্রকাশ করেছেন।

---

ক্রমবর্ধমান সাইবার প্রতারণা রুখতে সাধারণের সুরক্ষা ও নিরাপত্তায় কলকাতা পুলিশ সাইবার সেলে আরও নতুন দুটি পদ তৈরির জন্যে রাজ্য সরকারের কাছে প্রস্তাব জমা দিয়েছে। আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে গতকাল এক অনুষ্ঠানে যোগ দিয়ে কলকাতা পুলিশ কমিশনার মনোজ ভার্মা বলেন, জয়েন্ট সিপি সাইবার ও জয়েন্ট লিগাল সাইবার নামে দুটি পদ তৈরির জন্যে রাজ্য সরকারের কাছে প্রস্তাব জমা দেওয়া হয়েছে। আগামী মন্ত্রীসভার বৈঠকে এই প্রস্তাব গৃহীত হতে পারে বলে তিনি জানিয়েছেন। এছাড়াও অপরাধের সংখ্যা বাড়তে থাকায় সাইবার উইং কে ছোট ছোট সেলে ভাগ করা হচ্ছে বলে তিনি জানিয়েছেন।

---

কলকাতা হাইকোর্টের অতিরিক্ত বিচারপতি হিসাবে তিনজনের নিয়োগে অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় সরকার। এঁরা হলেন বিচারপতি স্মিতা দাস দে, বিচারপতি ঋতব্রত কুমার মিত্র এবং বিচারপতি ওম নারায়ণ রাই। সুপ্রিমকোর্টের কলেজিয়াম কলকাতা হাইকোর্টের জন্য পাঁচজনের নাম সুপারিশ করেছিল।

উল্লেখ্য ২০২২ সালের পর কলকাতা হাইকোর্টে, প্রথম বিচারপতি নিয়োগের ছাড়পত্র মিলল কেন্দ্রের তরফে।

---

রেশন কার্ডের সঙ্গে ব্যাঙ্ক একাউন্ট যুক্ত করে সামগ্রীর ভর্তুকীর টাকা সংশ্লিষ্ট গ্রাহকের একাউন্টে সরাসরি পাঠিয়ে দেওয়ার কেন্দ্রীয় সিদ্ধান্তের প্রতিবাদে রেশন ডিলাররা দেশজুড়ে রেশন ধর্মঘটের হুঁশিয়ারি দিয়েছে। এর প্রতিবাদে অল ইন্ডিয়া ফেয়ার প্রাইস শপ ডিলার্স ফেডারেশনের তরফে আগামী পয়লা এপ্রিল নতুন দিল্লিতে সংসদ ভবন অভিযানেরও ডাক দেওয়া হয়েছে। পাশাপাশি কেন্দ্রীয় অর্থমন্ত্রী ও খাদ্যমন্ত্রীর বাসভবন ঘেরাও করা হবে বলে তাঁরা হুঁশিয়ারি দিয়েছে। এতেও সিদ্ধান্তের পরিবর্তন না হলে দেশজুড়ে অনিদৃষ্টকালের জন্যে রেশন ধর্মঘট করা হবে। এই ব্যবস্থা চালু হলে চণ্ডীগড়, পুদুচেরী, লাক্ষাদ্বীপ, মহারাষ্ট্রের এপিএল গ্রাহকদের মত দেশের অন্যান্য অংশের রেশন গ্রাহকরাও গনবন্টন ব্যবস্থার সুবিধা থেকে বঞ্চিত হবে বলে তাদের অভিযোগ। উল্লেখ্য বর্তমানে দেশে প্রায় ৬ লক্ষ রেশন ডিলার রয়েছে। যার মধ্যে এই রাজ্যে ২০ হাজার ২৬৮ জন ডিলার রয়েছেন।

---

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুর থেকে নতুন চারটি বাস রুট এর সূচনা হয়েছে। বারুইপুর থেকে সরাসরি শিলিগুড়ি, তারাপীঠ এবং বারুইপুরের উত্তরভাগ থেকে হাওড়া স্টেশন ও বারাসত পর্যন্ত এই চারটি রুটের সরকারি বাস পরিষেবাও পাওয়া যাবে। শহরের ফুলতলায় এই বাস পরিষেবার উদ্বোধন করেন রাজ্যের পরিবহন মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী।

---

বেলঘরিয়ার উত্তর বাসুদেবপুরে দুষ্কৃতিদের গুলিতে গতরাতে দুজন গুলিবিদ্ধ হয়েছেন। পুলিশ সূত্রে জানা গেছে, বিকাশ সিং ও তার সঙ্গী সন্তু দাশ একটি চা এর

দোকানে দাঁড়িয়ে থাকার সময় দুজন বাইকে করে এসে গুলি চালায়। গুলিবিদ্ধ অবস্থায় তাদের স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পুলিশ দুস্কৃতীদের খোঁজে তল্লাশী চালাচ্ছে। বিকাশ সিং তৃণমূল কংগ্রেস কর্মী বলে জানা গেছে। ব্যারাকপুরের পুলিশ কমিশনারেটের ডিসি সাউথ অনুপম সিংহ সহ পুলিশ বাহিনী ঘটনাস্থলে যান।

---

পুরুলিয়ার বোরো থানার কুমারী অঞ্চলের খড়িদুয়ারা গ্রামে, গাছের ডাল কাটতে গিয়ে বিদ্যুতবাহী তারের সংস্পর্শে এসে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। সুবল টুডু নামে ঐ ব্যক্তি কে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে বসন্তপুর হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন।

---

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ বেলুড় মঠে পালিত হচ্ছে সাধারণ উৎসব। ঠাকুর শ্রী রামকৃষ্ণদেবের জন্ম তিথির এক সপ্তাহ পর এই উৎসব পালিত হয়। দিনভর খোলা থাকবে বেলুড় মঠ। ভজন, কীর্তন, নাম সংকীর্তন, বাউল গান, ঠাকুর শ্রী রামকৃষ্ণদেবের কর্ম ও জীবন নিয়ে আলোচনা সভা প্রভৃতি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সকাল থেকেই বেলুড় মঠে ভক্ত সমাগম চোখে পড়ার মতো। বেলুড় মঠের সাধারণ উৎসব উপলক্ষে মঠের প্রাঙ্গণে বসেছে মেলা। থাকছে প্রসাদ বিতরণের ব্যবস্থা।

---

উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত জেলাগুলিতে আজ বজ্রবিদ্যুৎ সহ ঝড় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবাহওয়া দপ্তর। দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বাড়বে তাপমাত্রা। আগামী কয়েকদিন বৃষ্টির কোনো সম্ভাবনা নেই বলে জানা গেছে।

আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে ১ দশমিক ৫ ডিগ্রি বেশি। সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

---

যুব ভারতী ক্রীড়াঙ্গনে গতসন্ধ্যায় আইএসএল ফুটবলে গ্রুপ পর্বের শেষ ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট ২-০ গোলে এফ সি গোয়াকে হারিয়ে দিয়েছে। থণ্ডজ্যামের আত্মঘাতী গোলে মোহনবাগান ১-০ এগিয়ে যায়। গ্রুগ স্টুয়ার্ট ব্যবধান ২-০ করেন। ২৪ ম্যাচে ৫৬ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার শীর্ষে থেকে মোহনবাগান লিগ শেষ করেছে। ৪৮ পয়েন্ট পেয়ে এফ সি গোয়া দ্বিতীয় স্থানে রইল। খেলার শেষে সর্ব ভারতীয় ফুটবল ফেডারেশনের সভাপতি কল্যাণ চৌবে মোহনবাগান ফুটবলারের হাতে শিল্ড তুলে দেন। কোচ হোসে মোলিনা সহ পুরো দল শিল্ড নিয়ে মাঠ পরিদর্শন করে। ভিকট্রি ল্যাপে যোগ দিয়েছিল মোহনবাগানের জুনিয়র দলের ফুটবলাররাও। উল্লেখ্য ওড়িশা এফ সি-র বিরুদ্ধে জিতে মোহনবাগান এক ম্যাচ বাকি থাকতেই আইএসএলে লিগ শিল্ড জয় করেছিল।

অন্যদিকে শিলং-এ নিজেদের শেষ ম্যাচে ইস্টবেঙ্গল ৪-০ গোলে নর্থ ইস্ট ইউনাইটেড এফসি-র কাছে পরাজিত হয়েছে।

---